গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.৪৭০০.০৪২.১৪.১০৭.১৭.৬১২

তারিখঃ ১৭ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **২০১৭-২০১৮ অর্থ বছরে খুলনা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।**

সূত্রঃ খুলনা জেলা পরিষদের স্মারক নং-খুজেপ/প্রকৌঃ/এক-জি/২০১৭-১৮/৫৭০, তারিখঃ ৮/২/২০১৮।

২০১৭-২০১৮ অর্থ বছরে খুলনা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৪০,০৫,০০০/- (চল্লিশ লক্ষ পাঁচ হাজার) টাকার কম্পিউটার ও সেলাই প্রশিক্ষণ এবং সেলাই মেশিন বিতরণ প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো ঃ

শর্তসমূহঃ

১) প্রশিক্ষনার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করতে হবে;
২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা, উপ পরিচালক, স্থানীয় সরকার, খুলনা, উপজেলা নির্বাহী অফিসার, সদর, খুলনা, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, খুলনা, এর সমন্বয়ে কমিটি গঠন করতে হবে;
৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণনার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে;
৪) সেলাই প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্স যুবসমূহ উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুরূপে পরিচালনা করতে হবে;
৫) সেলাই মেশিন বিতরণের সময় উপ পরিচালক, স্থানীয় সরকার, খুলনা জেলা পরিষদের চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব এর উপস্থিতিতে বিতরণ করতে হবে। এছাড়া বিতরণ শেষে উপকারভোগীদের নামের তালিকা (জাতীয় পরিচয়পত্র সহ) একটি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে ;
৬) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত কোর্সসমূহ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বেসিক আইসিটি ট্রেনিং এর কোর্স মডিউলের অনুরূপে পরিচালনা করতে হবে;
৭) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য সর্বোচ্চ ৫০০/ (পাঁচশত) টাকা হারে প্রদান করতে হবে;
৮) প্রশিক্ষণার্থীগণযেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষণার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয় করা যাবে;
৯) যেহেতু আলোচ্য প্রশিক্ষণ কার্যক্রম "জেলা পরিষদ আইন ২০০০" এর ঐচ্ছিক কার্যাবলীর সামাজিক উন্নয়নের আওতাভুক্ত সেহেতু জেলা পরিষদের কার্যাবলীর আওতাভুক্ত কোন প্রকল্প বাস্তবায়নের জন্য (জেলা পরিষদ চত্বরে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম) জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে আলাদাভাবে কোন সম্মানী দেয়া যাবেনা;
১০) উপরে বর্ণিত শর্তাবলী যথাযথ অনুসরণ করতে হবে।

৩০/০৪/১৮

(আনজুমান আরা)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, খুলনা।

অনুলিপি ঃ

অনুলিপি ঃ

১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।